হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-২১ ঃ মেহেরপুর- সোমবার ৩ নভেম্বন ২০২৫ ইং ঃ ১৮ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ১১ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com




শাহরুখকে ‘কুৎসিত’ বলেছিলেন হেমা মালিনী, এরপর... -পৃষ্ঠা-৩

# মেহেরপুরে চাকরিচ্যুত এসআই রুবেল দম্পতির কোটি টাকার প্রতারণা

## ভুক্তভোগী দেড় শতাধিক পরিবার, স্থানীয় প্রশাসনের নীরব ভূমিকার অভিযোগ

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরে পুলিশ বিভাগের নাম ভাঙ্গিয়ে অভিনব কৌশলে প্রতারণা করে কোটি টাকা হাতিয়ে নিয়েছে চাকরিচ্যুত এসআই (সাব-ইন্সপেক্টর) রুবেল ও তার স্ত্রী তানিশা ইয়াসমিন ইমা। তাদের প্রতারণার শিকার হয়ে নিঃস্ব হয়েছেন মেহেরপুর সদর উপজেলার প্রায় দেড়শতাধিক পরিবার। প্রতারণায় সহযোগিতা করার অভিযোগ উঠেছে মেহেরপুর সদর থানার এসআই সুমন ( বর্তমানে ঢাকায় কর্মরত), মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের আয়া আয়েশা খাতুন এবং পুলিশ লাইনের আরও মোঃ রফিকুল ইসলামের বিরুদ্ধে। স্থানীয় সূত্রে জানা গেছে, চাকরিচ্যুত এসআই রুবেল প্রথমে স্থানীয়দের কাছে সরকারি রেশনের চাল, ডাল ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্য অল্প দামে বিক্রি করে মানুষের মধ্যে বিশ্বাস অর্জন করেন। এরপর তিনি দাবি করেন, রেশনের পণ্য তুলতে হলে অগ্রিম টাকা প্রয়োজন। কিছু গ্রাহক অগ্রিম টাকা দেওয়ার পর প্রথম দফায় পণ্য পেয়ে যান। এভাবে এলাকায় প্রচার শুরু তেল ১৩০/১৫০ টাকা লিটার, মশুরের ডাল ১শত টাকা ও চিনি ১১০ টাকা কেজি দরে পাওয়া যাচ্ছে। এই বিশ্বাসযোগ্যতা বাড়াতে এসআই সুমন স্থানীয়দের আশ্বস্ত করতেন “তাদের কাছে টাকা দিলে কোনো ক্ষতি হবে না।” তারা মেহেরপুরের একটি স্থানীয় অভিজাত হোটেলে টাকা প্রদান কারিদের নিয়ে পাটিরও আয়োজন করে। সেই আয়াজনে এসআই সুমন ও সাহা আলমের উপস্থিতির প্রমাণ মিলে। কেউ সন্দেহ প্রকাশ করলে তিনি কথিত ডিও সাহ আলমের নাম ব্যবহার করে ফোন ধরিয়ে দিতেন ০১৬২৭-২৪৩৪৭৫ নম্বরে। এছাড়া পুলিশ লাইনের আর ও রফিক ও তার স্ত্রী ইমার ঘনিষ্ঠ ছিলেন । প্রায় রাতেই তারা রফিকের

২-এর পৃষ্ঠা দেখুন



## এনসিপি নির্বাচনে প্রতীক হিসেবে নেবে ‘শাপলা কলি’

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) প্রতীক হিসেবে ‘শাপলা কলি’ গ্রহণ করতে সম্মত হয়েছে। বিষয়টি রোববার (২ নভেম্বর) নির্বাচন কমিশন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠক শেষে এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী গণমাধ্যমকে নিশ্চিত করেছেন। তিনি বলেন, “আমরা শাপলা কলি নেব। আগামী নির্বাচনে ধানের শীষ ও শাপলা কলির মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই হবে। দেশবাসীর কাছ থেকেও শাপলা কলি নিয়ে ইতিবাচক সাড়া

২-এর পৃষ্ঠা দেখুন



তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নে জনসম্পৃক্ততার আহ্বান

# মেহেরপুরে বিএনপির জনসভা ঐক্যবদ্ধ থাকার ডাক


নিজস্ব প্রতিবেদক

আগামীর বাংলাদেশ বিনির্মাণে বিএনপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ঘোষিত ৩১ দফা বাস্তবায়ন ও জনসম্পৃক্তকরণের লক্ষ্যে মেহেরপুরে এক বিশাল জনসভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার (২ নভেম্বর) বিকেল ৪টার দিকে সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মোড়ে এ জনসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি মীর গোলাম ফারুক। প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “আমরা চাই বাংলাদেশের প্রতিটি মানুষের জীবনে তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়িত হোক। যদি এই দফাগুলো বাস্তবায়িত হয়, বাংলাদেশ হবে সত্যিকারের সোনার

২-এর পৃষ্ঠা দেখুন

# নারীর অদম্য ইচ্ছাশক্তির দৃষ্টান্ত কেনিজিয়া ছড়িয়ে দিচ্ছেন স্বাবলম্বী জীবনের সুবাস

মুহম্মদ মহসীন



নারী মানেই ঘর গোছানো, চুলে খোপা বাঁধা, সন্তান-স্বামী আর সংসারের পরিধিতেই সীমাবদ্ধ- এমন ধারণাকে ভুল প্রমাণ করেছেন মেহেরপুরের সাহসী নারী উদ্যোক্তা কেনিজিয়া শারমিন। নিজের আত্মপ্রেরণা ও অদম্য ইচ্ছাশক্তিতে তিনি দেখিয়েছেন, নারী চাইলে ঘরের চার দেয়াল পেরিয়ে নিজেই হতে পারেন স্বাবলম্বী, সমাজের আলোকবর্তিকা। ২০২২ সালে জীবনের এক নতুন অধ্যায়ে পা রাখেন শারমিন। সংসারের পাশাপাশি নিজের হাতে জীবনের হাল ধরেন। শুরুটা ছিল ছোট পরিসরে, বাড়িতে বসেই তৈরি করতে থাকেন নানা ধরনের খাবার। প্রথমে আত্মীয়-স্বজনদের অর্ডারে রান্না, পরে সেটাই অনলাইন বিক্রয় প্ল্যাটফর্মে রূপ নেয়। ধীরে ধীরে তিনি পরিচিত হয়ে ওঠেন ‘উদ্যোক্তা শারমিন’ নামে। বর্তমানে তিনি মেহেরপুর শহরের মল্লিকপাড়া মোড়ে প্রতিষ্ঠা করেছেন নিজের ব্র্যান্ড ‘হোম রন্ধনশালা’। এখানে তৈরি হয় বিশুদ্ধ ও ঘরোয়া স্বাদের নানা খাদ্যপণ্য গুঁড়া মসলা, অর্গানিক চা, আলু-কলার চিপস, কাঁঠালের চিপস, ও মৌসুমি ফলের আচার। প্রতিটি পণ্যই হাতে বানানো ও স্বাস্থ্যসম্মত, যা

২-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে জেলা প্রশাসক শিক্ষার মান উন্নয়নে নিষ্ঠার আহ্বান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে সকলকে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন। গতকাল রবিবার সকালে বিদ্যালয় পরিদর্শনের সময় তিনি শিক্ষকদের উদ্দেশে এই আহবান জানান এবং শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। পরিদর্শনে উপস্থিত ছিলেন

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে অস্ত্র উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে র‍্যাব-১২ একটি দল অভিযান চালিয়ে দেশী তৈরী ওয়ান শুটার গান পরিতক্ত অবস্থায় উদ্ধার করেছে। গতকাল শনিবার(০১ নভেম্বর) রাত পৌনে ১২ টার দিকে মেহেরপুর কুষ্টিয়া সড়কের চোখতোলা এলাকায় র?্যাব সদস্যরা এ অভিযান পরিচালনা করে। র‍্যাব-১২গাংনী ( সিপিা) ক্যাম্পের কোম্পানী কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান প্রেস বিজ্ঞপ্তিতে জানান, মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের চোখতোলা এলাকায় একদল ডাকাত ডাকাতির প্রস্তুতি নিচ্ছে,এমন গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব সেখানে অভিযান

২-এর পৃষ্ঠা দেখুন



# শীতের আমেজে জমজমাট সবজির বাজার

আবু রায়হান নিরব

মেহেরপুরে ভোরের কুয়াশা আর হিমেল হাওয়ায় শীতের আগমন টের পাওয়া যাচ্ছে। ঋতু পরিবর্তনের এ সময়ে জেলার বাজারগুলোতে উঠতে শুরু করেছে আগাম জাতের শীতকালীন সবজি। বাজারে সরবরাহ বাড়তে শুরু করায় সবজির দামও কিছুটা কমেছে। জেলার বিভিন্ন হাট-বাজার ঘুরে দেখা গেছে, শিম, ফুলকপি, বাঁধাকপি, গাজর,

২-এর পৃষ্ঠা দেখুন



# বারাদীতে জামায়াতের গণসংযোগ ও ২৭ পরিবারের যোগদান

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বারাদী গ্রামে গণসংযোগ কর্মসূচি ও সদস্য সংগ্রহ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (২ নভেম্বর) বিকাল ৫টার দিকে বারাদী বাজারের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ পরিচালনা করেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় তাঁর সঙ্গে ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, শ্রমিক ফেডারেশনের সদর সভাপতি আব্দুল হোসেন,

২-এর পৃষ্ঠা দেখুন

## পাকিস্তান সীমান্তে ভারতের বৃহৎ সামরিক মহড়া

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের পশ্চিমাঞ্চলের মরুভূমি অঞ্চল ও উপকূলঘেঁষা অঞ্চল জুড়ে ব্যাপক সামরিক মহড়া ‘ত্রিশুল’ শুরু হয়েছে। ৩০ অক্টোবর থেকে চালু হওয়া এই যৌথ মহড়া চলমান থাকবে ১৩ নভেম্বর পর্যন্ত এবং এটি অপারেশন সিন্দুরের পর প্রথমবারের মতো এ ধরনের ব্যাপক পরীক্ষা-নিরীক্ষা হিসেবে আয়োজন করা হচ্ছে। দ্য টাইমস অব ইন্ডিয়ার রিপোর্ট অনুযায়ী, মহড়ায় অংশ নিচ্ছেন প্রায় ৩০ হাজার প্রতিরক্ষা কর্মী, যার মাঝে ভারতীয় নৌবাহিনী ২০-২৫টি যুদ্ধজাহাজ ও বিমানবাহিনীর প্রায় ৪০টি যুদ্ধবিমান মোতায়েন রয়েছে। এছাড়া উপকূলরক্ষী বাহিনী, সীমান্তরক্ষী বাহিনী ও অন্যান্য কেন্দ্রীয় সংস্থাগুলোও এতে অংশগ্রহণ করছে। সেনা সূত্রে জানানো হয়েছে, ‘ত্রিশুল’ মহড়ার মূল লক্ষ্য ড় স্থল,

২-এর পৃষ্ঠা দেখুন




# কুষ্টিয়ায় নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগে বিক্ষোভ এডিসি জাহাঙ্গীরসহ জড়িতদের গ্রেপ্তারের দাবি

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয়ের নিয়োগ পরীক্ষায় অনিয়ম, দুর্নীতি ও প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (২ নভেম্বর) বেলা ১১টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ‘দুর্নীতি বিরোধী ছাত্র-জনতা’র ব্যানারে এ কর্মসূচি পালিত হয়। বিক্ষোভে বক্তারা অভিযোগ করে বলেন, সিভিল সার্জন কার্যালয়ের নিয়োগ পরীক্ষায় ব্যাপক অনিয়ম ও দুর্নীতির সঙ্গে কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (এডিসি) জাহাঙ্গীর আলমসহ কয়েকজন প্রভাবশালী জড়িত। তাদের নাম-পরিচয় প্রকাশিত হলেও প্রশাসন কোনো ব্যবস্থা নেয়নি। তারা আরও বলেন, স্বাস্থ্য অধিদপ্তর, দুদক ও বিভিন্ন গোয়েন্দা সংস্থায় তথ্য প্রেরণ এবং গণমাধ্যমে সংবাদ প্রচারিত হলেও জড়িতরা ধরাছোঁয়ার বাইরে রয়েছেন। এডিসি জাহাঙ্গীর আলমসহ সংশ্লিষ্টদের ২

২-এর পৃষ্ঠা দেখুন

# এক দল সংস্কার ভেস্তে দিচ্ছে, আরেক দল নির্বাচন পিছিয়ে দিতে চায়: নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, দেশের চলমান রাজনৈতিক অচলাবস্থায় একদল সংস্কারের উদ্যোগকে ভেস্তে দিচ্ছে, আরেক দল নির্বাচন পিছিয়ে দেওয়ার অপচেষ্টা করছে। কিন্তু এনসিপি সময়মতো নির্বাচন ও জুলাই সনদের আইনি স্বীকৃতি চায়।

রোববার দুপুরে রাজধানীর বাংলামোটরে দলের অস্থায়ী কার্যালয়ে আয়োজিত সংবাদ ব্রিফিংয়ে নাহিদ ইসলাম বলেন, “জামায়াতের কার্যক্রমে মনে হচ্ছে, তাদের নির্বাচন পেছনোর অভিসন্ধি রয়েছে। আবার বিএনপি ও জামায়াত উভয়েই গণভোটের তারিখকে কেন্দ্র করে বিভ্রান্তি সৃষ্টি করছে। আমরা চাই যথাসময়ে নির্বাচন হোক এবং জুলাই সনদ আইনি ভিত্তি পাক।” তিনি আরও বলেন, “জুলাই সনদ আদেশ অবশ্যই প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকেই জারি করতে হবে। রাষ্ট্রপতির পক্ষ থেকে এটি জারি হলে তা হবে কফিনে শেষ পেরেক। কারণ, এ বিষয়ে রাষ্ট্রপতির কোনো আইনগত এখতিয়ার নেই।” নাহিদ অভিযোগ করেন, অনেক রাজনৈতিক দল জুলাই সনদে স্বাক্ষর করে অনৈক্য সৃষ্টি করেছে। “যারা সনদ বাস্তবায়ন নিয়ে আন্দোলন করেছিল, তাদের বাদ দিয়ে সই করা জাতির সঙ্গে প্রতারণা,” মন্তব্য

২-এর পৃষ্ঠা দেখুন


**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
- ✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- ✓ প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক


## অনুবাক্য

### মামুনুর রশিদ মামুন

### খবর (আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় চুরি)

সুনাম ছিল স্কুলটির
নাম হলো আমঝুপি
সোনার ছেলেরা করল দেখো
মোটর ল্যাপটপ আর বইচুরি।
চোরাই বই করলো বিক্রি
পড়লো সবাই ধরা
মোটর ল্যাপটপ কোথায়
মাটির নিচে পোতা ।
নৈশ প্রহরী কোথায় থাকে
জানিনা তো কেউ
আরো কত হয়েছে চুরি
খোঁজ রাখেনি কেউ।
এইভাবে চলতে থাকলে
অনেক কিছুই হবে চুরি
সবকিছু হবার পিছনে
হেড মাস্টারই দায়ি ।







সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- ✓ অথেনটিক প্রোডাক্ট
- ✓ সেরা দাম
- ✓ নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ সোমবার ॥ ১৮ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ৩ নভেম্বর ২০২৫ইং

## একাত্তরের হত্যাযজ্ঞে জামায়াতের সম্পৃক্ততার অভিযোগ ভিত্তিহীন দাবি দলটির

সূর্যোদয় প্রতিবেদন

একাত্তরের মুক্তিযুদ্ধকালে জামায়াতে ইসলামীকে মানবতাবিরোধী অপরাধ বা হত্যাযজ্ঞে সম্পৃক্ত থাকার অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছে দলটি। একই সঙ্গে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা মোয়াজ্জেম হোসেন আলাল-এর মন্তব্যকে বিভাজনমূলক ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত আখ্যা দিয়েছে জামায়াত। শনিবার (১ নভেম্বর) কেন্দ্রীয় প্রচার বিভাগের সিনিয়র সহকারী মুজিবুল আলমের পাঠানো এক বিবৃতিতে বলা হয়েছে, মোয়াজ্জেম হোসেন আলাল ১ নভেম্বর জাতীয় প্রেসক্লাবে এক অনুষ্ঠানে বলেছেন, "একাত্তরে গণহত্যা, ধর্ষণ ও নারকীয় হত্যাযজ্ঞের কারণে জামায়াতকেও নিষিদ্ধ করতে হবে।" জামায়াতের সহকারী সচিব জেনারেল মাওলানা আবদুল হালিম এই মন্তব্যকে জাতীয় ঐক্যবিনষ্টকারী, দায়িত্বজ্ঞান-হীন ও বিভাজনমূলক হিসেবে নিন্দা জানিয়েছেন। বিবৃতিতে মাওলানা আবদুল হালিম বলেন, "জামায়াতের বিরুদ্ধে একাত্তরের হত্যাযজ্ঞে সম্পৃক্ততার অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। স্বাধীনতার পর থেকে রাজনৈতিক প্রতিপক্ষকে নিশ্চিহ্ন করার উদ্দেশ্যে এই ধরনের প্রপাগান্ডা চালানো হয়েছে, তবে জাতি এখন এসব মিথ্যাচার সম্পর্কে সচেতন।" তিনি আরও বলেন, দেশের রাজনৈতিক সংকট উত্তরণের জন্য জাতীয় ঐকমত্য ও পারস্পরিক সহনশীলতা প্রয়োজন। এর মধ্যে বিভাজনমূলক মন্তব্য দেশের রাজনৈতিক শিষ্টাচার ও গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষার পরিপন্থী।

মাওলানা আবদুল হালিম বলেন, জামায়াত বাংলাদেশের নিবন্ধিত রাজনৈতিক দল, যার নীতি ও আদর্শ ইসলামী মূল্যবোধ, ন্যায়নীতি ও জনগণের কল্যাণে নিবেদিত। দল সর্বদা দেশের সার্বভৌমত্ব, স্বাধীনতা ও গণতন্ত্র রক্ষায় ইতিবাচক ভূমিকা পালন করে আসছে। তাই জামায়াতকে নিষিদ্ধ করার দাবি অযৌক্তিক, অগণতান্ত্রিক ও বিদ্বেষপ্রসূত। শেষে তিনি বিএনপি উপদেষ্টা মোয়াজ্জেম হোসেন

৩-এর পৃষ্ঠা দেখুন

## গোপন সমঝোতায় আরপিও বদল করছে সরকার: জামায়াতের অভিযোগ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামী অভিযোগ করেছে, এক রাজনৈতিক দলের সঙ্গে গোপন সমঝোতার মাধ্যমে সরকার নির্বাচনসংক্রান্ত আইন গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) পরিবর্তনের উদ্যোগ নিচ্ছে। রোববার এক বিবৃতিতে দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, "বিএনপির প্রতি ইঙ্গিত করেই বলছি, একটি দলের সঙ্গে সরকারের গোপন সমঝোতায় আরপিও সংশোধনীর সিদ্ধান্ত বদলানো হচ্ছে। এটি হবে অত্যন্ত ন্যক্কারজনক, অগণতান্ত্রিক ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত পদক্ষেপ।"

৩-এর পৃষ্ঠা দেখুন

## আইন উপদেষ্টার বিরুদ্ধে 'বিশেষ সুবিধা দেওয়ার' অভিযোগ এনসিপির

সূর্যোদয় প্রতিবেদন

গণপ্রতিনিধিত্ব আদেশ ও ১৯৭২ সালের সংবিধানের ২০ অনুচ্ছেদ সংশোধন নিয়ে একটি রাজনৈতিক দলকে বিশেষ সুবিধা দেওয়ার অভিযোগ তুলেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। বিষয়টি নিয়ে সরকারের অবস্থান জানতে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলের কাছে চিঠি দিয়েছে দলটি। রোববার (২ নভেম্বর) এনসিপির সদস্য সচিব আখতার হোসেন স্বাক্ষরিত ওই চিঠিতে বলা হয়, সম্প্রতি আইন সংশোধন বিষয়ে আইন উপদেষ্টার ব্যক্তিগত আশ্বাস ও অবস্থান নিয়ে "গুরুতর প্রশ্ন" উঠেছে। এতে উল্লেখ করা হয়, একজন

৩-এর পৃষ্ঠা দেখুন

### জীবন ধারা



## বেশি পানি পানে হতে পারে কিডনির ক্ষতি

সূর্যোদয় প্রতিবেদন

শরীরে তরলের ভারসাম্য রক্ষা করতে পানি অত্যন্ত উপকারী। মানবদেহের প্রায় ৬০-৭০ শতাংশ অংশই পানি দিয়ে গঠিত। জীবনধারণের জন্য পানি একেবারেই অপরিহার্য। দেহের তাপমাত্রা নিয়ন্ত্রণ, হজম প্রক্রিয়া সহজ করা, রক্ত সঞ্চালন ও কোষের পুষ্টি পরিবহনসহ নানা কারণে পানি পানের বিকল্প কল্পনা করাই যায় না। তবে গবেষণা বলছে বেশি পানি পানে রয়েছে কিডনির ক্ষতির আশঙ্কা। হার্ভার্ডের এক গবেষণা বলছে, বেশি পানি পান শরীরের জন্য ভালো নয়। কিডনি নির্দিষ্ট পরিমাণ পর্যন্ত পানি ফিল্টার করতে পারে। সাধারণত এক ঘণ্টায় কিডনি প্রায় ০.৮-১ লিটার পর্যন্ত পানি প্রক্রিয়াকরণ করতে সক্ষম। এর বেশি হলে কিছু ক্ষতি দেখা দিতে পারে। পানি বেশি পান করলে কিডনিকে স্বাভাবিকের চেয়ে অনেক বেশি পানি ফিল্টার করতে হয়, ফলে কোষে চাপ পড়ে এবং দীর্ঘমেয়াদে কার্যক্ষমতা কমে যেতে পারে। অতিরিক্ত পানি রক্তে সোডিয়াম ও অন্যান্য খনিজ পদার্থকে পাতলা করে ফেলে (হাইপোনাট্রেমিয়া), যা কিডনির কাজের গতি ব্যাহত করে। পানি বেশি হলে কোষে অতিরিক্ত তরল ঢুকে কোষ ফুলে যায়। এটি কিডনির টিস্যুকেও ক্ষতিগ্রস্ত করতে পারে। বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী, একজন সুস্থ পুরুষের জন্য দৈনিক প্রায় ৩.৭ লিটার বা প্রায় ১৩ কাপ তরল পান করার পরামর্শ দেওয়া হয়। একজন সুস্থ নারীর জন্য দৈনিক প্রায় ২.৭ লিটার বা প্রায় ৯ কাপ তরল পান করার পরামর্শ রয়েছে। তবে পানির পরিমাণ নির্ভর করে শরীরের, ওজন, শারীরিক পরিশ্রম, তাপমাত্রা ও আবহাওয়ার ওপরে। এসব বিষয়ের সঙ্গে ব্যক্তিভেদে পানি পানের পরিমাণ কম-বেশি হতে পারে।



## সদর গোল্ড কাপ ফুটবলে আমঝুপি ইউনিয়ন ফাইনালে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত সদর উপজেলা গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টে আমঝুপি ইউনিয়ন পরিষদ একাদশ ফাইনালে ওঠেছে। রবিবার বিকালে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনাল খেলায় আমঝুপি ইউনিয়ন ১-০ গোলে পিরোজপুর ইউনিয়নকে পরাজিত করে। খেলায় করিম প্রথমার্ধের ১৬ মিনিটে জয়-সূচক গোল করেন। তিনি বিজয়ী দলের ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন এবং করিমকে পুরস্কার প্রদান করেন। খেলায় সদর উপজেলা প্রশাসন ও বিভিন্ন ক্রীড়া ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন।

## আবারও জামায়াতের আমির নির্বাচিত ডা. শফিকুর রহমান

সূর্যোদয় প্রতিবেদন

২০২৬-২০২৮ কার্যকালের জন্য আবারও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির নির্বাচিত হয়েছেন ডা. শফিকুর রহমান। শনিবার (১ নভেম্বর) রাতে সংগঠনের প্রধান নির্বাচন কমিশনার সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা'ছুম নির্বাচনের ফলাফল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন। রোববার এক প্রেস বিজ্ঞপ্তিতে দলটির কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি মতিউর রহমান আকন্দ বিষয়টি নিশ্চিত করেছেন। বিজ্ঞপ্তিতে জানানো হয়, ৯ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত সারাদেশে জামায়াতের রুকনদের (সদস্যদের) অংশগ্রহণে গোপন ব্যালটের মাধ্যমে আমির নির্বাচন অনুষ্ঠিত হয়। ভোটগ্রহণ শেষে সংশ্লিষ্ট টিম ভোট গণনা সম্পন্ন করে এবং শনিবার রাতে চূড়ান্ত

৩-এর পৃষ্ঠা দেখুন




## ঝিনাইদহে দুর্নীতিবাজ কর্মকর্তার পদায়নের প্রতিবাদে মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহে এক দুর্নীতিবাজ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)-এর পদায়ন ও সরকারি কর্মকর্তাদের দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মসূচির আয়োজন করে ফ্যাসিবাদ বিরোধী ছাত্র ঐক্য।

মানববন্ধনে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, ইসলামী ছাত্রশিবির ও ইসলামী ছাত্র আন্দোলনসহ বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। ব্যানার-ফেস্টুন হাতে তারা দুর্নীতি ও স্বৈরাচারবিরোধী নানা শ্লোগান দেন। এ সময় বক্তব্য দেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাবেক আহ্বায়ক আবু হুরাইরা, সদস্য সচিব সাইদুর রহমান, ইসলামী ছাত্রশিবির শহর শাখার সাধারণ সম্পাদক মাসুদ পারভেজ, ইসলামী

৩-এর পৃষ্ঠা দেখুন

## 'নৌকা' উপহার পেয়ে বিপাকে উপদেষ্টা, ফেসবুকে চাইলেন পরামর্শ

সূর্যোদয় প্রতিবেদন

আলজেরিয়ার রাষ্ট্রদূতের কাছ থেকে 'নৌকা' প্রতিকৃতির উপহার পেয়ে বিপাকে পড়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান। উপহারটি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে শুরু হয়েছে আলোচনাসমালোচনা। শনিবার (১ নভেম্বর) ঢাকায় আলজেরিয়ার জাতীয় বিপ্লবের ৭১তম বার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন উপদেষ্টা ফাওজুল কবির। অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত আলজেরিয়ার রাষ্ট্রদূত আবদেল ওহাব সালদানি সৌজন্য উপহার হিসেবে তাকে পালতোলা মাঝিসহ একটি নৌকার প্রতিকৃতি দেন।

রোববার (২ নভেম্বর) সকালে নিজের ফেসবুক প্রোফাইলে

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গার মঙ্গল মিয়া অন্ধ হয়েও জীবনের আলো ছড়াচ্ছেন

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

বর্তমান সমাজে অনেকেই প্রতিবন্ধকতাকে জীবনের বোঝা মনে করে ভিক্ষাবৃত্তি বা নির্ভরশীলতার পথ বেছে নেন। কিন্তু চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের পুড়াপাড়া গ্রামের মঙ্গল মিয়া তাদের সবার জন্য এক অনন্য দৃষ্টান্ত। দুই চোখ অন্ধ হওয়া সত্ত্বেও তিনি নিজ পরিশ্রমে জীবিকা নির্বাহ করছেন এবং স্বাবলম্বী জীবনযাপন করছেন। প্রায় ৩৫ বছর ধরে দৃষ্টিহীন মঙ্গল মিয়া। তবু তার কথা বলা, চলাফেরা ও কাজের ধরন দেখে বোঝার উপায় নেই যে তিনি চোখে দেখতে পান না। প্রতিদিন সকালে হাতে লাঠি নিয়ে বের হন তিনি। কোনো সহযোগিতা ছাড়াই খুলে বসেন নিজের ছোট্ট মেরামতের দোকান। সেখানে তিনি বাইসাইকেল, পানির পাম্প, স্যালো মেশিন, এমনকি পাওয়ার টিলার পর্যন্ত মেরামত করেন দক্ষতার

৩-এর পৃষ্ঠা দেখুন



## প্রকৃতি ও নদী রক্ষা করে সমন্বিত যোগাযোগ উন্নয়নের আহ্বান প্রধান উপদেষ্টার

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস সড়ক, রেল, নৌ ও বিমানড় সব ধরনের যোগাযোগব্যবস্থার উন্নয়নে সমন্বিত উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, "পরিবেশের ক্ষতি না করে এবং নদীর ওপর কোনো আঘাত না দিয়েই আমাদের যোগাযোগব্যবস্থাকে আধুনিক ও টেকসই করতে হবে।"

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপি মহাসচিব মির্জা ফখরুল: বাংলাদেশের শত্রুরা আবার মাথাচাড়া দিচ্ছে

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, "বাংলাদেশে শত্রুরা আবার মাথাচাড়া দিয়ে উঠতে শুরু করেছে। দেশকে অস্থিতিশীল করার জন্য নানা প্রোপাগান্ডা ও মিথ্যা প্রচারের মাধ্যমে নৈরাজ্য সৃষ্টির চেষ্টা চলছে।" রোববার নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে যৌথ সভা শেষে সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। ফখরুল বলেন, "সোশ্যাল মিডিয়াতেও এই অপপ্রচারের মাধ্যমে দেশের রাজনৈতিক ও সামাজিক স্থিতিশীলতা ভঙ্গ করার অপচেষ্টা

৩-এর পৃষ্ঠা দেখুন



## মরণফাঁদের আবর্তে গাজা না যুদ্ধ, না শান্তি

সূর্যোদয় প্রতিবেদন

গাজার বর্তমান যুদ্ধবিরতি যদি কেবল নামমাত্র থেকে যায়, তাহলে অঞ্চলটি "না যুদ্ধ, না শান্তি" ড়এমন এক প্রাণঘাতী অনিশ্চয়তার দিকে ধাবিত হতে পারে বলে সতর্ক করেছেন কাতারের প্রধান কূটনীতিক মাজেদ আল-আনসারি। তিনি বলেন, "আমরা এমন পরিস্থিতি চাই

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশ, নেপাল ও শ্রীলঙ্কায় সরকার পতন দুর্বল শাসনের ফল: অজিত দোভাল

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল বলেছেন, গত সাড়ে তিন বছরে বাংলাদেশ, নেপাল ও শ্রীলঙ্কায় সরকার পরিবর্তনের মূল কারণ ছিল অদক্ষ ও দুর্বল শাসনব্যবস্থা। শুক্রবার নয়াদিল্লিতে 'জাতীয় একতা দিবস' উপলক্ষে আয়োজিত সরদার প্যাটেল স্মারক বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন। অনুষ্ঠানে সুশাসন, রাষ্ট্র পরিচালনার কার্যকারিতা এবং প্রশাসনিক সক্ষমতা নিয়ে বিস্তারিত বক্তব্য দেন দোভাল। তিনি বলেন, "রাষ্ট্র গঠন ও নিরাপত্তা রক্ষায়

৩-এর পৃষ্ঠা দেখুন


## জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044


### প্রযুক্তি

## ইনস্টাগ্রামে নতুন 'ওয়াচ হিস্টরি' ফিচার

সূযোদয় প্রতিবেদন

ধরুন এমন হলো রাতে ইনস্টাগ্রামে একটি রিলস দেখলেন, খুব ভালো লাগল। কিন্তু কোথাও শেয়ার কিংবা সেইভ করে রাখলেন না। সকালেই ওই রিলসটি আবার খুঁজলেন। কোথাও পেলেন না। এটা বেশ বিড়ম্বনা নিশ্চয়ই। সেই বিড়ম্বনা এখন সহজেই কাটাতে পারবেন। ইনস্টাগ্রাম সম্প্রতি এনেছে ওয়াচ হিস্টোরি ফিচার। এরমাধ্যমে ব্যবহারকারীরা আগে দেখা রিলস হিস্টোরিতে খুঁজে আবার দেখতে পারবেন। এতদিন ইনস্টাগ্রামে এটি ছিল না। তবে তাদের অন্যতম প্রতিদ্বন্দ্বী টিকটক এই সেবা অনেক আগে থেকেই দিচ্ছিল। ওই প্লাটফর্মটিকে টেক্কা দিতেই ইনস্টাগ্রামের এই সিদ্ধান্ত। সামাজিক যোগাযোগ মাধ্যমের



জনপ্রিয় অ্যাপটি জানিয়েছে, এই আপডেটের মূল লক্ষ্য হল ব্যবহারকারীদের সেই রিলগুলো সহজে খুঁজে পেতে সাহায্য করা। যেগুলো তারা আগে দেখেছিলেন কিন্তু সেভ

৩-এর পৃষ্ঠা দেখুন


## মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিডি, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

## কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন

কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার


ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ৩ নভেম্বর ২০২৫ ইং

## সরকারি প্রকল্পে অনিয়মের দায় কে নেবে?

মেহেরপুরের গাংনী উপজেলার সিন্দুরকোটা গ্রামসংলগ্ন মাথাভাঙ্গা নদীর তীরে নির্মিত বাঁধে ভয়াবহ ভাঙনের ঘটনা সরকারি প্রকল্প বাস্তবায়নের চিরচেনা চিত্রকেই আবার সামনে এনেছে। প্রায় ৬৭ লাখ টাকা ব্যয়ে নির্মিত নদী রক্ষার বাঁধ ও সংলগ্ন সড়ক এক বছরের মধ্যেই ধসে পড়েছে এ দৃশ্য শুধু হতাশাজনক নয়, বরং এটি সরকারি অর্থব্যবস্থাপনা ও প্রকল্প তদারকির ভয়াবহ ব্যর্থতার প্রতিচ্ছবি। স্থানীয়দের অভিযোগ অনুযায়ী, নিম্নমানের ইট, বালি ও পাথর ব্যবহার করে তড়িঘড়ি করে কাজ শেষ করা হয়েছিল। প্রকল্পের নকশায় থাকা ইউ-ড্রেন নির্মাণও বাদ দেওয়া হয়। অথচ প্রকল্পটি ছিল খুলনা বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন কর্মসূচির আওতায়, যেখানে মাননিয়ন্ত্রণের কঠোর নির্দেশনা থাকার কথা। তবু স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কীভাবে এমন নিম্নমানের কাজ সম্পন্ন করতে দিলড়এ প্রশ্নের উত্তর এখনও অজানা। এখন স্থানীয় বাসিন্দারা নিজের ঘরবাড়ি হারানোর শঙ্কায় দিন কাটাচ্ছেন। নদীর পাড় ঘেঁষে থাকা অন্তত পাঁচটি পরিবার ইতোমধ্যে মারাত্মক ঝুঁকিতে। একটু পানি বাড়লেই রাস্তা ও বাড়িঘর নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ার আশঙ্কা বাস্তবে রূপ নিতে পারে যে কোনো সময়।ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স অথই এন্টারপ্রাইজ এ বিষয়ে কোনো মন্তব্য না করলেও এলাকাবাসীর অভিযোগ, তারা প্রভাব খাটিয়ে বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে। অন্যদিকে উপজেলা প্রকৌশলী কেবল "ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে" বলেই দায় এড়ানোর চেষ্টা করেছেন। কিন্তু প্রশ্ন হলো প্রকল্পের অর্থ ব্যয় হওয়ার পর ভাঙন দেখা দিলে কেবল রিপোর্ট পাঠিয়ে দায় শেষ হয়ে যায় কি? সরকারি উন্নয়ন প্রকল্পগুলো জনগণের করের টাকায় পরিচালিত হয়। তাই প্রকল্প বাস্তবায়নে অব্যবস্থাপনা, অনিয়ম ও দুর্নীতি মানে জনগণের অর্থের অপচয়, যা রাষ্ট্রীয় অপরাধের সামিল। মাথাভাঙ্গা নদীর এই বাঁধভাঙন কেবল একটি বাঁধের ক্ষয় নয়ড়এটি সরকারি প্রকল্প ব্যবস্থাপনার ভঙ্গুর বাস্তবতার প্রতীক। আমাদের দৃঢ় বিশ্বাস, এই ঘটনার সুষ্ঠু তদন্ত হওয়া জরুরি। দায়ী ঠিকাদার ও তদারকিতে ব্যর্থ কর্মকর্তাদের জবাবদিহির আওতায় আনতে হবে। পাশাপাশি অস্থায়ী সংস্কার নয়, নদীর তীর রক্ষায় টেকসই ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করাই হবে জনগণের স্বার্থরক্ষার প্রকৃত উপায়। সরকারি প্রকল্পে গাফিলতি, নিম্নমানের কাজ ও দায় এড়ানোর সংস্কৃতি বন্ধ করতে এখনই কার্যকর পদক্ষেপ না নিলে, এমন ভাঙন শুধু বাঁধেই নয়ড়রাষ্ট্রের জবাবদিহিতার ভিত্তিতেও ধরবে।

## মেহেরপুরে বিএনপির জনসভা

(প্রথম পৃষ্টার পর)

বাংলাদেশ।" তিনি আরও বলেন, "যারা অবৈধ অর্থ বহন করে, টেন্ডারবাজি করে ড় তাদের দ্রুত আইনের আওতায় আনা হোক।"
অ্যাডভোকেট কামরুল হাসান নেতাকর্মীদের উদ্দেশে বলেন, "আমাদের ঐক্যই হবে আন্দোলনের মূল শক্তি। মেহেরপুর-১ ও ২ আসনে ধানের শীষের প্রার্থীদের বিজয়ী করে তারেক রহমানকে উপহার দিতে হবে।" সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ইলিয়াস হোসেন, আনসার উল হক, আলমগীর খান ছাতু, সাবেক আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট আবু সালেহ নাসিম, এ. কে. এম. খাইরুল বাশার, হাফিজুর রহমান হাফি, সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, ওমর ফারুক লিটন, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা। সভাটি যৌথভাবে সঞ্চালনা করেন সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম ও জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু। এসময় আরও উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, ৯নং ওয়ার্ড বিএনপির সভাপতি মিন্টু আলীসহ বিএনপি ও অঙ্গসংগঠনের শতাধিক নেতাকর্মী।

## মেহেরপুরে চাকরিচ্যুত এসআই

(প্রথম পৃষ্টার পর)

বাড়িতে যেতেন, এবং অনেক সময় পণ্য আনার নাটকও সাজাতেন। রেহানা মান্নান জানান, "প্রথমে হাসিনা এসে বলে, আপা আপনি অনলাইনে ব্যবসা করেন, এখানে করলে বেশি লাভ হবে। আমি ২৮ হাজার টাকা দিয়ে ২০০ লিটার তেলের অর্ডার দিই। প্রথমবার তেল পাই। পরে ৪০০ লিটার দিই, সেটাও পাই। এরপর পর্যায়ক্রমে ৬ লাখ ৮৪ হাজার টাকার অর্ডার দিলে সে আর মাল দেয়নি এখন টাকাও দেয়না। আমি থানায় অভিযোগ করেও কোন সুরহা পায়নি।" প্রতারিত দর্জি মোছাঃ শেলি খাতুন বলেন হাসিনা খাতুন ইমার মালামাল পাড়ায় বিক্রি করতো। এসআই সুমনও আশ্বাস দেয়। ইমা আমাকে আর ও রফিকের বাড়িতে নিয়ে যায় কয়েকবার। আমি বিশ্বাস করে আমার ভাই-বোনদের কাছ থেকে ১৭ লাখ টাকা দিয়েছি, এখন কিছুই ফেরত পাচ্ছি না। টাকা চাইতে গেলে ইমা তার মা আয়েশা বেগমসহ আমাকে মারধর করেছে।" এস আই সুমন বিষয়টি অস্বিকার করে বলেন তাদের সাথে আমার কোন সম্পর্ক ছিলোনা। মেহেরপুর পুলিশ লাইনের আরও রফিকুল ইসলাম বলেন, আমার নাম ভাঙ্গিয়ে প্রতরনা করেছে শুনেছি। আমর কাছে রেহেনা মান্নান নামে এক ভুক্তভোগী অভিযোগ করেছিলো তাকে থানায় অভিযোগ করতে বলেছি ও রুবেলকে আমার কাছে আসতে নিষেধ করে দিয়েছি। তবে আমি কোন আইনি পদক্ষেপ নিয়নি। কথিত ডিও এবং পুলিশের চাকুরি চ্যুত সদস্য শাহ আলম বলেন, আমি রুবেলের কাছে টাকা পেতাম তাই কথা বলতাম, আমি ডিও না আর কেন আমার নাম ভাঙ্গীয়েছে আমি বলতে পারবো না। পুলিশর চাকরিচ্যুত এসআই রুবেল বলেন, আমরা ব্যাবসা করেছি , ব্যাবসায় লোকসান হওয়ার কারনে কিছু লোক আমাদের কাছে টাকা পায়। আমরা অচিরেই বসে তাদের সাথে টাকার সমাধান করে ফেলবো। যখন রুবেল-ইমা কোনো পণ্য সরবরাহ বন্ধ করে দেন তখন প্রতারণার বিষয়টি ফাঁস হয় । এরপর সবাই টাকার জন্য চাপাচাপি করলে এসআই সুমন মেহেরপুর থেকে বদলি হয়ে ঢাকায় চলে যান। প্রতারিত ভুক্তভোগীরা অভিযোগ করেছেন, স্থানীয় প্রশাসনের সহায়তা ছাড়া এত বড় প্রতারণা সম্ভব ছিল না। তারা দ্রুত প্রতারকদের গ্রেপ্তার ও ক্ষতিপূরণের দাবি জানিয়েছেন।

## এনসিপি নির্বাচনে প্রতীক হিসেবে

(প্রথম পৃষ্টার পর)

পেয়েছি।" এনসিপির পক্ষ থেকে জানানো হয়েছে, দলের প্রার্থী ৩০০ আসনে অংশগ্রহণ করবে। নাসীরুদ্দীন পাটওয়ারী আরও বলেন, "দেশের যেকোনো প্রান্তের মানুষ নির্বাচনে প্রার্থী হতে আগ্রহী হলে আমরা তাদের প্রার্থিতা বিবেচনা করব। তবে বিএনপি ও জামায়াতে ইসলামীর সহিংসতা ও চাঁদাবাজি ও ধর্মীয় ফ্যাসিবাদে আমাদের অংশগ্রহণ নেই। তারা অবস্থান পরিবর্তন করলে আমরা জোটের কথা ভাবব।" তিনি নির্বাচন কমিশনকে দ্রুত এনসিপির নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার আহ্বান জানান। এছাড়া সরকারের বিভিন্ন উপদেষ্টাদের প্রতি সতর্ক করে বলেন, "গণতন্ত্রের যাত্রা ব্যাহত হলে জনগণ ক্ষুব্ধ হবে, তাই এ বিষয়ে সজাগ থাকা প্রয়োজন।" বৈঠকে নাসীরুদ্দীন পাটওয়ারী-এর নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধি দল ছিলেনড়যুগ্ম আহ্বায়ক খালেদ সাইফুল্লাহ ও যুগ্ম সদস্য সচিব জহিরুল ইসলাম মুসা।

## মেহেরপুরে জেলা প্রশাসক শিক্ষার

(প্রথম পৃষ্টার পর)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থপ্রতিম শীল। বিদ্যালয়ে পৌঁছালে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল লতিফ জেলা প্রশাসককে স্বাগত জানান।

## মেহেরপুরে অস্ত্র উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

চালায়। র‍্যাববের উপস্থিতি টের পেয়ে ডাকাত দল পালিয়ে যায়। পরে সেখান থেকে ভারতীয় তৈরি একটি ওয়ান শুটার গান উদ্ধার করা হয়। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল বিষয়টি নিশ্চিত করে জানান, উদ্ধারকৃত অস্ত্রটি থানায় দিয়েছে। এ ঘটনায় অস্ত্র আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

# আমরা অন্যায়কে মেনে নেই?

মাহবুবুল হক পোলেন



৯০ দশকের ঘটনা, সংবাদিকতার কাজে মেহেরপুর পিরোজপুরের দিকে রিকশায় যাচ্ছিলাম। রিকশাচালকের সঙ্গে আলোচনা হচ্ছিল শহর, রাজনীতি, সমাজ সবকিছু নিয়ে। তার জ্ঞান ও চিন্তাভাবনা দেখে আমি মুগ্ধ ছিলাম। হঠাৎ আমরা পৌঁছলাম শহরের সবচেয়ে কুখ্যাত একজন সন্ত্রাসীর কাছাকাছি। আমি অজানা শঙ্কায় অগ্রসর হতে চাইনি। রিক্সা থেকে মাঝ মথে নেমে গেলাম। তখন দেখলাম, আমার রিকশাচালক পাশে দাঁড়ানো আরেকজনকে ধমক দিয়ে বলছে, "ভালো করে দেখো, সামনে একজন সম্মানিত মানুষ আছে।" মুহূর্তেই আমার প্রাথমিক ধারণা ভেঙে গেল। সম্মানিত বলে যার প্রতি এমন ধমক, তিনি কি সত্যিই সম্মানিত? সে অভিজ্ঞতা আমাকে সমাজ, ন্যায় এবং অসৎ মানুষের সমর্থন নিয়ে গভীরভাবে ভাবতে বাধ্য করেছিল। আমরা সবাই নীতি, সত্য ও ন্যায়ের কথা বলি, কিন্তু কেন অসৎ মানুষদের সহমর্মিতা বা গোপন সমর্থন দিই? কোনো এক ব্যক্তির অনিয়ম বা অন্যায় চোখে দেখলেও কেন প্রতিবাদ করি না? এ সমস্যা শুধুমাত্র অশিক্ষিত বা মূর্খদের মধ্যে নয় শিক্ষিত ও জ্ঞানীদের মধ্যেও ঘটে। আমাদের মন স্বার্থ-ভিত্তিক। স্বচ্ছন্দবোধ নষ্ট হলে আমরা অসঙ্গতি এড়াই। যদি কোনো অসৎ ব্যক্তি আমাদের সুবিধা দেয়, আমরা তার অন্যায়কে মেনে নিই। অথচ ন্যায়বাদীরা সমাজে একা পড়ে যায়, তাদের প্রতিবাদকে চাপে ফেলা হয়। পর্যবেক্ষন করে দেখিয়েছে, জনপ্রিয় মানুষ প্রায়ই সবচেয়ে দক্ষ মিথ্যাবাদী। মিথ্যা সহজ, চটুল এবং আমাদের স্বচ্ছর্ন্দ দেয়; সত্য কঠিন, যাচাইযোগ্য, এবং আমাদের অস্বচ্ছর্ন্দ দেয়। তাই মিথ্যা বেশি জনপ্রিয় হয়। সাইকোলজিতে এটাকে বলা হয় কগনিটিভ ডিসোন্যান্স নিজের মধ্যে বিপরীতমত থাকা। আমরা সত্য জানি, কিন্তু স্বার্থ বা স্বাচ্ছন্দ্যের জন্য সেটিকে উপেক্ষা করি। ফলে আমরা একটি সমাজ তৈরি করি, যেখানে মিথ্যা, অসৎতা ও অন্যায়কে যৌক্তিকতা খুঁজে সমর্থন করা হয়। আমাদের উচিত নিজের স্বার্থের বাইরে চোখ খোলা রাখা। সত্য এবং ন্যায়ের পক্ষে দাঁড়ানো, প্রতিবাদ করা যদিও কঠিন, তবুও একমাত্র পথ যা সমাজকে পুনরায় মানবিক ও ন্যায়সংগত রাখতে পারে।

# দোয়ার শক্তি: চাওয়ার অনন্য শক্তি

মুহাম্মাদ মাহতাব হোসাইন

দোয়ার শক্তি অব্যর্থ। মহান আল্লাহর কাছ থেকে চাওয়া-পাওয়ার এক বিশেষ উপায় হলো দোয়া। পবিত্র কোরআন, হাদিস এবং বুজুর্গদের অভিজ্ঞতায় দোয়ার প্রকৃত তাৎপর্য সুস্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে। মহান আল্লাহ বলেন, "তোমরা আমাকে ডাকো, আমি তোমাদের ডাকে সাড়া দেব।" আরও ইরশাদ হয়েছে, "যখন কোনো প্রার্থনাকারী আমাকে ডাকে, তখন আমি তার ডাকে সাড়া দিই।" রাসুলুল্লাহ (সা.) বলেছেন,
"তিন শ্রেণির মানুষের দোয়া কবুল হওয়া অবশ্যম্ভাবী: ১. পিতা-মাতার দোয়া, ২. মুসাফিরের দোয়া এবং ৩. মজলুমের দোয়া।" অন্য হাদিসে এসেছে, "রোজাদারের দোয়াও কবুল হয়।" নবীদের জীবনে দোয়ার শক্তির অসংখ্য উদাহরণ পাওয়া যায়। আদম (আ.) : "হে আমার রব! আমি নিজের প্রতি জুলুম করেছি। আপনি যদি আমাকে ক্ষমা না করেন এবং দয়া না করেন, তবে আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবো।" নুহ (আ.) : "হে আমার রব! আমাকে, আমার পিতা-মাতাকে ও মুমিন নারী-পুরুষকে ক্ষমা করুন।" ইবরাহিম (আ.) : "হে প্রভু, আমাদের মোনাজাত কবুল করুন এবং আমাদের অনুগত করুন।" লুত (আ.) : "হে আমার প্রভু! আমাকে ও আমার পরিবারকে পাপাচার থেকে মুক্তি দিন।" ইউনুস (আ.) : "হে আমার প্রভু, আপনি ব্যতীত কোনো উপাস্য নেই; নিশ্চয়ই আমি জুলুমকারীদের অন্তর্ভুক্ত ছিলাম।" ইউসুফ (আ.) : "হে পালনকর্তা, আমাকে ইসলামের ওপর মৃত্যুদান করুন এবং সৎদের সঙ্গে মিলিত করুন।" জাকারিয়া (আ.) : "হে আমার প্রভু, আপনার পক্ষ থেকে আমাকে পবিত্র সন্তান দান করুন।" পবিত্র কোরআনে ইবরাহিম, দাউদ, আইয়ুব, মুসা, ঈসা (আ.) সব নবীর জীবনেই দোয়ার অপার প্রভাবের কথা উল্লেখ আছে। দোয়া শুধু চাওয়া নয়; এটি এক আত্মিক সংযোগ, বান্দা ও রবের ঘনিষ্ঠতার মাধ্যম। তবু আফসোস, আজ আমরা অনেকেই দোয়ার এই মহান শক্তিকে অবহেলা করি, ভুলে যাই মহান আল্লাহর দরবারে চাওয়ার যোগ্যতাই গড়ে তোলা দরকার। দোয়ার মাধ্যমে মানুষের অন্তর প্রশান্ত হয়, আশা জাগে, আর মুমিনের আত্মা দৃঢ় হয় বিশ্বাসেড় "নিশ্চয়ই আমার রব আমার ডাকে সাড়া দেন।"

## শীতের আমেজে জমজমাট সবজির

(প্রথম পৃষ্টার পর)

টমেটো, মূলা, ধনিয়া পাতা, লাউ, ছোলা শাক, পালং শাক, লাল শাক, চিচিঙ্গা, ঝিঙা, খেরা, উস্তি, ওলসহ নানা প্রজাতির সবজি বিক্রি হচ্ছে। কৃষকরা জানাচ্ছেন, আগাম জাতের সবজি বিক্রি করে তারা ভালো দাম পাচ্ছেন। বর্তমান বাজারদরে পেঁয়াজ ৮০ টাকা, রসুন ৮০ টাকা, আলু ১৬ টাকা, আদা ১২০ টাকা, মরিচ ৮০ টাকা, শিম ৪০ টাকা, ফুলকপি ৬০ টাকা, বাঁধাকপি ৩০ টাকা, মূলা ২০ টাকা, লাউ ২০ টাকা (প্রতি পিস), পটল ২০ টাকা, ঢেঁড়স ৩০ টাকা, বেগুন ৫০ টাকা, পালং শাক ৬০ টাকা, খেরা ৪০ টাকা ও লাল শাক ৩০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। জেলার চাহিদা মিটিয়ে এসব সবজি ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে পাঠানো হচ্ছে। স্থানীয় ব্যবসায়ীরা জানান, সরবরাহ বাড়ায় দাম আরও কিছুটা কমতে পারে। অন্যদিকে মাংসের বাজারে কিছুটা ঊর্ধ্বগতি দেখা গেছে। খাসির মাংস বিক্রি হচ্ছে কেজিপ্রতি ১,০০০ টাকায়, গরুর মাংস ৭০০ টাকা এবং লেয়ার মুরগি ২৬০ টাকা দরে। স্থানীয় কৃষকরা আশা করছেন, আবহাওয়া অনুকূলে থাকলে চলতি মৌসুমে শীতকালীন সবজির ফলন ভালো হবে এবং বাজার থাকবে প্রাণবন্ত।

## বারাদীতে জামায়াতের গণসংযোগ ও

(প্রথম পৃষ্টার পর)

বারাদী ইউনিয়নের আমির মাওলানা আসাদুজ্জামান, সেক্রেটারি আব্দুর রাজ্জাকসহ স্থানীয় নেতৃবৃন্দ। পরে সন্ধ্যা ৬টার দিকে বারাদী ইউনিয়ন জামায়াত কার্যালয়ে ২৭টি পরিবার জামায়াতে ইসলামীতে যোগদান করেন। নতুন সদস্যদের ফুল ও মিষ্টি দিয়ে বরণ করে নেন জেলা আমির মাওলানা তাজউদ্দিন খান।
অনুষ্ঠানে তাজউদ্দিন খান বলেন, "জনগণের অধিকার প্রতিষ্ঠা ও ন্যায়ভিত্তিক সমাজ গঠনের আন্দোলনে জামায়াতে ইসলামী সবসময় জনগণের পাশে আছে। আজকের এই যোগদান আমাদের সংগঠনকে আরও শক্তিশালী করবে।" স্থানীয় নেতৃবৃন্দ জানান, নির্বাচনের আগে বিএনপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মীদের জামায়াতে যোগদান রাজনৈতিক অঙ্গনে নতুন সমীকরণ সৃষ্টি করেছে।

## এক দল সংস্কার ভেস্তে দিচ্ছে,

(প্রথম পৃষ্টার পর)

আইনি ভিত্তি দিতে সরকার এখনও সময় হাতে রাখে। "গণভোট নির্বাচনের আগে বা পরেও করা যেতে পারে," বলেন নাহিদ ইসলাম। আওয়ামী লীগের বিষয়ে তিনি বলেন, "ফ্যাসিবাদবিরোধী দলগুলোর মধ্যে মতপার্থক্য থাকতে পারে, কিন্তু আওয়ামী লীগ প্রশ্নে ঐক্য অপরিহার্য। আমরা দেখছি, অনেকে আওয়ামী লীগকে প্রশ্রয় দিচ্ছে তারা বিভিন্ন দলে ঢুকে নির্বাচন ভণ্ডুল করার ষড়যন্ত্র করছে।" নাহিদ ইসলাম আরও বলেন, "বিএনপি গণভোটের বিপক্ষে জনমত তৈরির চেষ্টা করছে। এর মাধ্যমে দেশে আতঙ্ক ও বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। দেশের পরিবর্তন নিয়ে দলগুলো শুধু ক্ষমতাকেন্দ্রিক রাজনীতি করছে। জনগণ 'হ্যাঁ' বললে 'হ্যাঁ', আর 'না' বললে 'না'ড়এই সিদ্ধান্ত তাদেরই নেওয়া উচিত।" নির্বাচন প্রস্তুতি প্রসঙ্গে এনসিপি আহ্বায়ক জানান, দলটি এককভাবে প্রার্থী বাছাই করছে এবং ৩০০ আসনেই প্রার্থী দেওয়ার প্রস্তুতি নিচ্ছে। "এই মাসেই আমাদের পূর্ণ প্রার্থীতালিকা ঘোষণা করা হবে," জানান তিনি। নির্বাচন কমিশনের সমালোচনা করে তিনি বলেন, "শাপলা প্রতীক বরাদ্দে কমিশন আমাদের প্রতি আন্তরিক হয়নি। নতুন দল হিসেবে তারা চাইলেই আরও আগে এই সিদ্ধান্ত নিতে পারত।" ভারতের ভূমিকা নিয়ে তিনি বলেন, "ভারত শেখ হাসিনাকে আশ্রয় দিয়ে জুলাই গণহত্যাকে সমর্থন দিচ্ছে। যতদিন ভারত তার অবস্থান পরিবর্তন না করবে, ততদিন বাংলাদেশুভারত সম্পর্ক শীতলই থাকবে।" শেষে নাহিদ ইসলাম বলেন, "সংস্কারের পক্ষে না থাকলে কারও সঙ্গে জোটে যাওয়া সম্ভব নয়। বাস্তবায়ন আদেশের খসড়ায় ২৭০ দিনের মধ্যে সংস্কার প্রস্তাব সংবিধানে যুক্ত করার যে বিধান ছিল, আমরা সেটিই সমর্থন করি। এর ব্যত্যয় হলে আদেশ সমর্থন পুনর্বিবেচনা করতে হবে।" তিনি আরও যোগ করেন, "গণভোট নির্বাচনের দিনেও হতে পারে, আগেও হতে পারেড়এটি বড় বিষয় নয়। মূল কথা হলো, নির্বাচন যেন নির্ধারিত সময়েই হয়।"

## পাকিস্তান সীমান্তে ভারতের বৃহৎ

(প্রথম পৃষ্টার পর)

আকাশ, মহাকাশ ও ড্রোনভিত্তিক নজরদারি ব্যবস্থাকে একীভূত করা। একীভূত অভিযান, গভীর আক্রমণ ও বহু-মাত্রিক যুদ্ধ কৌশল পরীক্ষার পাশাপাশি ইলেক্ট্রোম্যাগনেটিক স্পেকট্রাম অপারেশন এবং ড্রোন-বিধ্বংসী ব্যবস্থার দক্ষতাও যাচাই করা হবে। মহড়ার সময় ংবাবংধষ দেশীয় ও উচ্চপ্রযুক্তি অস্ত্র পরীক্ষিত হবেড় যার মধ্যে ট্যাঙ্ক টি-৯০এস ও অর্জুন, হাউইটজার বন্দুক, অ্যাপাচি আক্রমণ হেলিকপ্টার ও ভারী-লিফট হেলিকপ্টার উল্লেখযোগ্য। এছাড়া ড্রোন-বিরোধী ব্যবস্থা, যোগাযোগ বিকৃতি ও স্বয়ংক্রিয় স্পেকট্রাম নজরদারি প্রযুক্তিও পরীক্ষা করা হবে। মহড়ার এক অংশ হিসেবে 'সুদর্শন ক্ষমতা' নামে একটি সরবরাহ কৌশল প্রদর্শন করছে সেনাবাহিনী, যা ভারতের সামরিক উদ্ভাবন ও স্বনির্ভরতার সক্ষমতা তুলে ধরে। সামরিক বিশ্লেষকরা বলছেন, এই মহড়া সীমান্ত নিরাপত্তা শক্তিশালীকরণ ও বিভিন্ন হাই-টেক সক্ষমতা বাস্তবিক প্রয়োগের কৌশলগত মূল্যায়ন হিসেবে গুরুত্ব বহন করে।

## কুষ্টিয়ায় নিয়োগ পরীক্ষায় অনিয়মের

(প্রথম পৃষ্টার পর)

দিনের মধ্যে গ্রেপ্তার করে আইনের আওতায় আনার দাবি জানান বক্তারা। অন্যথায় কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন তারা। গত ২৪ অক্টোবর কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয়ে স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরদিন (২৫ অক্টোবর) প্রশ্নপত্র ফাঁস ও অনিয়মের অভিযোগে বিক্ষুব্ধ ছাত্র-জনতা সিভিল সার্জন কার্যালয়ের সামনে বিক্ষোভ করে ও প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেয়। পরদিনও তারা একই দাবিতে বিক্ষোভ কর্মসূচি পালন করে। বিক্ষুব্ধরা নিয়োগ পরীক্ষা বাতিল, দায়ীদের শাস্তি এবং নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছভাবে সম্পন্নের দাবিতে তিন দফা দাবি উত্থাপন করেন। এর পরিপ্রেক্ষিতে নিয়োগ পরীক্ষা সাময়িকভাবে স্থগিত করা হয়।
এ ঘটনায় ২৭ অক্টোবর দুর্নীতি দমন কমিশনের (দুদক) সমন্বিত জেলা কার্যালয়, কুষ্টিয়ার একটি টিম ও স্বাস্থ্য বিভাগের উচ্চপর্যায়ের একটি টিম অভিযোগ তদন্তে সিভিল সার্জন কার্যালয় পরিদর্শন করে।

## নারীর অদম্য ইচ্ছাশক্তির দৃষ্টান্ত

(প্রথম পৃষ্টার পর)

ক্রেতাদের আস্থা অর্জন করেছে দ্রুত। পণ্যের মান বজায় রাখতে তিনি একাই করেন সব কাজ বাজার থেকে উপকরণ কেনা, প্রক্রিয়াজাত করা, প্যাকেটিং ও ডেলিভারি পর্যন্ত। ক্রেতাদের ভালোবাসা ও চাহিদাই তাঁর সবচেয়ে বড় প্রেরণা। উদ্যোক্তা হিসেবে তিনি অংশ নিয়েছেন বিভিন্ন উৎসব ও প্রদর্শনীতে। ২০২৪ সালে মেহেরপুর শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত জাতীয় পিঠা উৎসবে তাঁর অংশগ্রহণ ব্যাপক প্রশংসিত হয়। একই বছরের মার্চ মাসে লবি রহমান কুকিং ফাউন্ডেশনের আয়োজনে ইফাদ পিঠা উৎসব প্রতিযোগিতায় অংশ নেন। ১২ ডিসেম্বর ফুড ফেস্টিভ্যালে পান 'রাধুনী অ্যাওয়ার্ড' সেরা উদ্যোক্তা হিসেবে। এছাড়াও ১৬ ডিসেম্বর বিজয় মেলা ও দশ দিনের বিসিক উদ্যোক্তা মেলায় অংশগ্রহণ করে নিজের দক্ষতা প্রদর্শন করেন। শুধু তাই নয়, খাদ্য প্রক্রিয়াজাতকরণে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি বিপণনের সহায়তায় যশোরে প্রিজম প্রকল্পের অধীনে ১২ দিনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি। প্রতিটি অর্জনই তাঁর একাগ্র পরিশ্রম ও আত্মবিশ্বাসের সাক্ষ্য বহন করে।উদ্যোক্তা শারমিন বলেন, "অর্থ ছাড়া জীবনের যোগ্যতা প্রমাণ করা যায় না। একজন নারী যদি অর্থনৈতিকভাবে স্বাধীন না হন, তবে তার মেধা ও পরিশ্রম সমাজে মূল্যায়ন পায় না। তাই আমি চাই, উদ্যোক্তা হিসেবে অর্থের জোগান পেলে আমার ব্যবসাকে আরও বড় পর্যায়ে নিয়ে যেতে পারব।" আজ কেনিজিয়া শারমিন শুধু একজন উদ্যোক্তা নন তিনি এক অনুপ্রেরণার প্রতীক। জীবনের বাঁক ঘুরিয়ে তিনি দেখিয়ে দিয়েছেন, নারীর শক্তি তার সাহস ও আত্মবিশ্বাসে। নিজের হাতে তৈরি খাবারের ঘ্রাণে ছড়িয়ে দিচ্ছেন স্বাবলম্বী জীবনের সুবাস যা অন্য নারীদেরও জাগিয়ে তুলছে নতুন স্বপ্নে, নতুন সম্ভাবনায়।আজ কেনিজিয়া শারমিন শুধু একজন উদ্যোক্তা নন তিনি এক অনুপ্রেরণার প্রতীক। জীবনের বাঁক ঘুরিয়ে তিনি দেখিয়ে দিয়েছেন, নারীর শক্তি তার সাহস ও আত্মবিশ্বাসে। নিজের হাতে তৈরি খাবারের ঘ্রাণে ছড়িয়ে দিচ্ছেন স্বাবলম্বী জীবনের সুবাস যা অন্য নারীদেরও জাগিয়ে তুলছে নতুন স্বপ্নে, নতুন সম্ভাবনায়।

# বাবার জোড়া গোলের রাতে ছেলের প্রথম গোল

সূর্যোদয় প্রতিবেদন

ফুটবলের মহাতারকা ক্রিশ্চিয়ানো রোনালদোর মতোই আলো ছড়াচ্ছেন তার ছেলে ক্রিশ্চিয়ানো রোনালদো জুনিয়র। মাত্র ১৫ বছর বয়সে পর্তুগাল অনূর্ধ্ব-১৬ দলের হয়ে আন্তর্জাতিক মাঠে প্রথম গোল করেছেন কিশোর ফরোয়ার্ড। তা ঐতিহাসিকভাবে মাইলফলক, কারণ ২০০৩ সালের ১ নভেম্বর ম্যানচেস্টার ইউনাইটেডের হয়ে প্রথম গোল করেছিলেন বাবা। ২২ বছর পর একই দিনে ছেলেও পেলেন দেশের হয়ে প্রথম গোল। ১ নভেম্বর রাতে আল নাসরের হয়ে জোড়া গোল করেছেন রোনালদো। একই রাতে ফেডারেশন্স কাপ টুর্নামেন্টে তুরস্কের আন্তালিয়ায় ওয়েলসের বিপক্ষে ৩-০ গোলের জয়ে ম্যাচের প্রথম গোলটি করেন রোনালদো জুনিয়র। ম্যাচের ৪২তম মিনিটে কার্লোস মোইতার নিখুঁত পাস থেকে ডান পায়ের নিখুঁত শটে বল জালে পাঠান তিনি। রোনালদো জুনিয়র বর্তমানে সৌদি আরবের আল নাসর একাডেমি-তে প্রশিক্ষণ নিচ্ছেন। একই ক্লাবের হয়ে খেলছেন তার বাবা, যিনি সৌদি প্রো লিগেও দাপিয়ে খেলছেন। জুনিয়র আগে রিয়াল মাদ্রিদ ও জুভেন্টাস একাডেমি-তেও প্রশিক্ষণ নিয়েছেন। চলতি বছর ক্রোয়েশিয়ায় অনুষ্ঠিত ভ্লাতকো মারকোভিচ টুর্নামেন্টে অনূর্ধ্ব-১৫ দলের হয়ে দুই গোল করেছিলেন তিনি। রোনালদোর জোড়া গোলে আল নাসরের টানা সপ্তম জয় নিশ্চিত হয়। বাবা রোনালদো ছেলের প্রতিভা নিয়ে আশাবাদী হলেও সতর্ক। তিনি বলেছেন, "ও ছোটবেলা থেকেই প্রতিদ্বন্দ্বিতা পছন্দ করে। আমি তাকে বেশি চাপ দেই না, কারণ রোনালদোর ছেলে হওয়াটাই ইতোমধ্যেই বড় চাপ। আমি শুধু চাই, সে নিজের মতো করে বেড়ে উঠুক।"

# ট্রাম্পের কারণে যুক্তরাষ্ট্র এখন 'অন্ধকারে': ওবামা

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের কঠোর সমালোচনা করেছেন সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা। তিনি বলেছেন, ট্রাম্পের নীতির কারণে যুক্তরাষ্ট্র এখন "অন্ধকারে নিমজ্জিত"। পাশাপাশি বর্তমান প্রশাসনকে তিনি "আইন-শৃঙ্খলা ও বিবেচনা-শূন্যতার প্রতীক" বলে আখ্যায়িত করেছেন। শনিবার (১ নভেম্বর) ভার্জিনিয়ার গভর্নর প্রার্থী অ্যাবিগেইল স্প্যানবার্জার এবং নিউ জার্সির মিকি শেরিলের নির্বাচনী র‍্যালিতে বক্তৃতা দেন ওবামা। নরফোকের ওল্ড ডমিনিয়ন বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত সেই সমাবেশে তিনি ট্রাম্প প্রশাসনের নীতি, আচরণ ও সিদ্ধান্তগুলোকে কঠোর ভাষায় সমালোচনা করেন। ওবামা বলেন, "সত্যি বলতে, আমাদের দেশ এখন এক অন্ধকার জায়গায় রয়েছে। এই হোয়াইট হাউস প্রতিদিন নতুনভাবে আইন-শৃঙ্খলা-হীনতা, কু-চিন্তা ও নিছক পাগলামির উদাহরণ দেখাচ্ছে।" তিনি ট্রাম্পের শুল্ক নীতি ও মার্কিন শহরগুলোতে জাতীয় গার্ড মোতায়েনের কৌশলকে "ভুল ও বিশৃঙ্খল" আখ্যা দেন। একই সঙ্গে রিপাবলিকান কংগ্রেস সদস্যদের উদ্দেশে বলেন, "তারা জানতেন ট্রাম্প সীমা ছাড়াচ্ছেন, তবু তাঁকে নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়েছেন।" ব্যঙ্গ করে ওবামা বলেন, "এখনকার হোয়াইট হাউস যেন প্রতিদিনই হ্যালোইন ড় সবই ধোঁকা, কোনো আনন্দ নেই।" তিনি আরও বলেন, "ট্রাম্প বরং রোজ গার্ডেনের মাটি যাতে জুতো নোংরা না করে বা ৩০ মিলিয়ন ডলারের বলরুম তৈরির মতো বিষয় নিয়ে বেশি ব্যস্ত।" নিজের বক্তৃতার শেষাংশে সাবেক প্রেসিডেন্ট ভোটারদের আহ্বান জানিয়ে বলেন, "গণতন্ত্র এক রাতেই হারিয়ে যায় না; এটি ধীরে ধীরে ক্ষয় হয়, যখন মানুষ খেয়াল রাখা বন্ধ করে। তাই আমাদের দায়িত্ব হলো সত্য, সহানুভূতি ও গণতন্ত্রের পক্ষে দাঁড়ানো।"

# ইরান ও তুরস্ককেও খণ্ডবিখণ্ড করতে চায় ইসরাইল: তুর্কি বিশেষজ্ঞ

সূর্যোদয় প্রতিবেদন

তুর্কি রাজনৈতিক বিশেষজ্ঞ লেভেন্ত গুলতেকিন বলেছেন, "দখলদার ইসরাইল এই অঞ্চলে শক্তিশালী কোনো মুসলিম রাষ্ট্র চায় না। ইরাক ও সিরিয়ার মতো ইরান ও তুরস্ককেও ভেঙে ফেলার চেষ্টা করছে তারা।" ইরানি বার্তাসংস্থা ইরনা জানিয়েছে, গুলতেকিন তার ইউটিউব পেজে প্রকাশিত এক ভিডিওতে বলেন, ইসরাইল ও তার মিত্ররা প্রথমে ইরাক এবং এরপর সিরিয়াকে ভেঙেছে। বছরের পর বছর ধরে তারা ইরান ও তুরস্কের পরিকল্পনা নিয়েছে। তিনি সতর্ক করেন, "গাজার শান্তি চুক্তি স্বাক্ষর হলেও ইসরাইল মূল পরিকল্পনাড়এ অঞ্চলের শক্তিশালী মুসলিম রাষ্ট্রগুলোকে খণ্ডবিখণ্ড করাড়থেকে সরে আসেনি।" গুলতেকিন বলেন, ইরান এখন নতুন লক্ষ্যবস্তু। তাঁর মতে, ইরানকে কমপক্ষে তিন বা চারটি পৃথক অঞ্চলে ভাগ করার পরিকল্পনা রয়েছে। এছাড়া তুরস্কও ইসরাইলের লক্ষ্যবস্তুর মধ্যে রয়েছে। তিনি বলেন, মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের সম্প্রতি তুরস্ক ও প্রেসিডেন্ট এরদোগানের প্রশংসাসূচক বক্তব্যও এই পরিপ্রেক্ষিতে গুরুত্ব বহন করে। ট্রাম্প বারবার তুরস্কের শক্তিশালী সেনাবাহিনী এবং তাদের সিরিয়ায় অর্জিত বিজয়ের প্রশংসা করেছেন। গুলতেকিন এ মন্তব্যও করেছেন যে, ইরানের লক্ষ্য শুধুমাত্র শাসনব্যবস্থা পরিবর্তন নয়, বরং দেশটিকে ভেঙে খণ্ডবিখণ্ড করা। তবে তিনি এও উল্লেখ করেন যে, ইরানি জনগণ দেশপ্রেমের অনন্য মডেল প্রদর্শন করেছে এবং এই অঞ্চলের অন্যান্য জনগণও তাদের মাতৃভূমির প্রতি ভালোবাসা থেকে শিক্ষা নিতে পারে। তিনি সতর্ক করে বলেন, মধ্যপ্রাচ্যে "নতুন মধ্যপ্রাচ্য" নামক ইসরাইলি পরিকল্পনার বাস্তবায়ন এখনও চলমান, এবং গাজার পর এখন ইরান ও তুরস্ক লক্ষ্য বস্তুতে রয়েছে।

# ক্যারিবীয় অঞ্চলে মার্কিন আগ্রাসনের নিন্দা রাশিয়ার

সূর্যোদয় প্রতিবেদন

ক্যারিবীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের অতিরিক্ত সামরিক শক্তি ব্যবহারের তীব্র নিন্দা জানিয়েছে রাশিয়া। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মারিয়া জাকারোভা বলেন, "মাদকবিরোধী অভিযান চলাকালে অতিরিক্ত সামরিক শক্তি ব্যবহার আমরা দৃঢ়ভাবে নিন্দা জানাই।" জাকারোভা জানান, যুক্তরাষ্ট্র ও ভেনেজুয়েলার মধ্যে উত্তেজনার প্রেক্ষিতে রাশিয়া এই ধরনের পদক্ষেপকে অসঙ্গত মনে করছে। তিনি বলেন, "আমরা ভেনেজুলোর নেতৃত্বের প্রতি দৃঢ় সমর্থন জানাই, তারা জাতীয় সার্বভৌমত্ব রক্ষা করছে। আমাদের আশা, লাতিন আমেরিকা ও ক্যারিবীয় অঞ্চল শান্তির ক্ষেত্র হিসেবে বজায় থাকবে।" রুশ কূটনীতিক উল্লেখ করেন, এই ধরনের পদক্ষেপ যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ আইন এবং আন্তর্জাতিক আইনের উভয় দিকই লঙ্ঘন করে। তিনি বলেন, "জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং মানবাধিকার উচ্চকমিশনার ভলকার টুর্কসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এই ধরনের পদক্ষেপের স্বীকৃতি দিয়েছে।" জাকারোভা আরও বলেন, "মস্কো ও ক্যারাকাসের দ্বিপাক্ষিক সম্পর্ক কৌশলগত অংশীদারিত্বের ভিত্তিতে বিকশিত হচ্ছে, যা বাহ্যিক পরিস্থিতির ওঠাপড়ার ওপর নির্ভরশীল নয়।" গত সেপ্টেম্বর থেকে যুক্তরাষ্ট্রের মাদকবিরোধী অভিযানে অন্তত ১০টি হামলা চালানো হয়েছে, যার ফলে কমপক্ষে ৪৩ জনের প্রাণহানি ঘটেছে। হামলার প্রধান লক্ষ্য ছিল ক্যারিবীয় অঞ্চলের ভেনেজুয়েলার নৌযান। এছাড়া পেন্টাগন সাতটি যুদ্ধজাহাজ, একটি সাবমেরিন, ড্রোন এবং যুদ্ধবিমান মোতায়েন করেছে, এবং মেক্সিকো উপসাগরে আরও একটি যুদ্ধজাহাজ পাঠিয়েছে।

# মেক্সিকোর সুপারমার্কেটে বিস্ফোরণ, নিহত ২৩

সূর্যোদয় প্রতিবেদন

মেক্সিকোর সোনোরা রাজ্যের রাজধানী হারমোসিলোর একটি সুপারমার্কেটে ভয়াবহ বিস্ফোরণে অন্তত ২৩ জন নিহত ও ১১ জন আহত হয়েছেন। বিস্ফোরণের কেন্দ্রস্থল ছিল ওয়ালডো'স নামের দোকান। রাজ্যের গভর্নর আলফোনসো দুরাজো এক ভিডিও বার্তায় জানান, নিহতদের মধ্যে কয়েকজন অপ্রাপ্তবয়স্ক রয়েছেন। আহতদের হারমোসিলোর বিভিন্ন হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। স্থানীয় জননিরাপত্তা কর্তৃপক্ষ জানিয়েছে, তারা ইতোমধ্যে 'হামলা' বা নাগরিকদের বিরুদ্ধে সহিংসতার সম্ভাবনাকে উড়িয়ে দিয়েছে। গভর্নর দুরাজো বলেন, "আমি এই ঘটনার কারণ নির্ধারণ এবং দায়ীদের শনাক্ত করতে একটি ব্যাপক ও স্বচ্ছ তদন্তের নির্দেশ দিয়েছি।" মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লাউডিয়া শেইনবাউম নিহতদের পরিবার ও প্রিয়জনদের প্রতি সমবেদনা জানিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ একটি পোস্ট করেছেন। স্থানীয় কর্তৃপক্ষ ও সরকারী তদন্তে এখনও বিস্ফোরণের প্রকৃত কারণ উদঘাটনের চেষ্টা চলছে।